নিউ ইয়র্ক স্টেট

COVID-19 মহামারীতে আক্রান্ত ক্ষুদ্র ব্যবসা পুনরুদ্ধার অনুদান কর্মসূচি

NEW YORK STATE OF OPPORTUNITY | Empire State Development

Powered by lendistry

# কর্মসূচি এবং প্রয়োগ নির্দেশিকা

(পরিমার্জন 06.17.21)







# কর্মসূচির সংক্ষিপ্ত বিবরণ

## সূচনা

নিউইয়র্ক স্টেটে COVID-19 মহামারীজনিত কারণে অর্থনৈতিকভাবে কষ্টকর পরিস্থিতির সম্মুখীন হওয়া বর্তমানে প্রতিষ্ঠিত ক্ষুদ্র ব্যবসা, অতি-ক্ষুদ্র ব্যবসা এবং লাভজনক স্বতন্ত্র শিল্প ও সাংস্কৃতিক সংগঠনগুলোকে নমনীয় অনুদান সহায়তা প্রদান করার জন্য নিউইয়র্ক স্টেট COVID-19 মহামারীতে আক্রান্ত ক্ষুদ্র ব্যবসা পুনরুদ্ধার অনুদান কর্মসূচি ("প্রোগ্রাম") তৈরি করা হয়েছিল।

নিউইয়র্ক স্টেট COVID-19 মহামারীতে আক্রান্ত ক্ষুদ্র ব্যবসা পুনরুদ্ধার অনুদান কর্মসূচি সম্পর্কিত আরও তথ্যের জন্য এবং আবেদন সংক্রান্ত সহযোগিতার জন্য www.nysmallbusinessrecovery.com দেখুন।

## অনুদানের পরিমাণ

2019* সালের ব্যবসায়ের বার্ষিক মোট আয়ের ভিত্তিতে অনুদান গণনা করা হবে:

| বার্ষিক মোট আয় (Gross Receipts (2019)) | অনুদানের পরিমাণ |
|---|---|
| $25,000-$49,999 | ব্যবসা প্রতি $5,000 |
| $50,000-$99,999 | ব্যবসা প্রতি $10,000 |
| $100,000-$500,000 | মোট আয়ের 10% ($50,000 পর্যন্ত) |

*"মোট আয়" কিভাবে নির্ধারিত হয় সে সম্পর্কিত তথ্যের জন্য স্লাইড 5 দেখুন।

অনুদানের পরিমাণ এবং হিসেব এম্পায়ার স্টেট ডেভলপমেন্ট (Empire State Development) কর্তৃক পরিবর্তিত হতে পারে

# কর্মসূচির সংক্ষিপ্ত বিবরণ

## সংজ্ঞাসমূহ

1. "ক্ষুদ্র ব্যবসা" অর্থ এমন একটি ব্যবসায় যেটি নিউ ইয়র্ক স্টেটে অবস্থিত, নিউ ইয়র্ক স্টেটে অন্তর্ভুক্ত (Incorporated) এবং নিউইয়র্ক স্টেটে ব্যবসা করার জন্য লাইসেন্সপ্রাপ্ত বা নিবন্ধিত, স্বাধীন মালিকানাধীন এবং পরিচালিত, তার কর্মক্ষেত্রের অঞ্চলে প্রভাবশালী নয় এবং **100 জন বা তার চেয়ে কম** কর্মী রয়েছে।

2. "অতিক্ষুদ্র ব্যবসা" অর্থ এমন একটি ব্যবসায় যেটি নিউ ইয়র্ক স্টেটে অবস্থিত, নিউ ইয়র্ক স্টেটে অন্তর্ভুক্ত (Incorporated) এবং নিউইয়র্ক স্টেটে ব্যবসা করার জন্য লাইসেন্সপ্রাপ্ত বা নিবন্ধিত, স্বাধীন মালিকানাধীন এবং পরিচালিত, তার কর্মক্ষেত্রের অঞ্চলে প্রভাবশালী নয় এবং **10 জন বা তার চেয়ে কম** লোক রয়েছে।

3. "লাভজনক স্বতন্ত্র শিল্প ও সাংস্কৃতিক সংগঠন"-এর অর্থ হবে নিউইয়র্ক স্টেটে অবস্থিত ক্ষুদ্র বা মাঝারি আকারের লাভজনক, স্বাধীনভাবে পরিচালিত সরাসরি-অনুষ্ঠান পরিচালনা করার ভেন্যু, প্রোমোটার, প্রোডাকশন কোম্পানি বা পারফরম্যান্স-সম্পর্কিত ব্যবসা যারা COVID-19 স্বাস্থ্য ও সুরক্ষা সংশ্লিষ্ট প্রোটোকল দ্বারা নেতিবাচকভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে এবং **মৌসুমী কর্মচারী বাদ দিয়ে 100 জন বা তার কম পূর্ণকালীন কর্মচারী রয়েছে।** এই সংজ্ঞার শর্ত পূরণকারী সংস্থাগুলোর মধ্যে স্থাপত্য, নৃত্য, ডিজাইন, ফিল্ম, সঙ্গীত, থিয়েটার, অপেরা, মিডিয়া, সাহিত্য, যাদুঘরভিত্তিক কার্যক্রম, ভিজ্যুয়াল আর্টস, ফোক আর্টস এবং কাস্টিংসহ কোনো ক্ষেত্রে নিযুক্ত ব্যবসাগুলো অন্তর্ভুক্ত থাকতে পারে তবে এগুলোর মধ্যেই সীমাবদ্ধ নয়।

4. "**COVID**-19 স্বাস্থ্য ও সুরক্ষা প্রোটোকল"-এর অর্থ 2020 সালের গভর্নর কর্তৃক ইস্যুকৃত নির্বাহী আদেশ 202 দ্বারা ব্যবসা পরিচালনার উপর আরোপকৃত নিষেধাজ্ঞা বা COVID-19 মহামারীর প্রতিক্রিয়ায় জারি করা কোনো সংযোজিত বা পরবর্তী কার্যনির্বাহী আদেশ, অথবা COVID-19 এর প্রতিক্রিয়ায় ব্যবসা পরিচালনার উপরে বিধিনিষেধ আরোপকারী অন্য কোনো আইন, বিধি, বা প্রবিধান।

# কর্মসূচির সংক্ষিপ্ত বিবরণ

## মনোনীত হবার যোগ্য ক্ষুদ্র ব্যবসার বৈশিষ্ট্য

- ক্ষুদ্র ব্যবসা, অতি ক্ষুদ্র-ব্যবসা এবং লাভজনক স্বাধীন শিল্প ও সাংস্কৃতিক সংগঠন (সম্মিলিতভাবে, "যোগ্য আবেদনকারীগণ")-কে অবশ্যই প্রতিষ্ঠিত এবং 1 মার্চ, 2019 বা এর পূর্বে কার্যক্রম সক্রিয় ও আবেদন করার তারিখ পর্যন্ত কার্যকর থাকতে হবে (COVID-19 বিধিনিষেধের কারণে বন্ধ হতে পারে)।
    - আবেদনকারীর 2019 ফেডারেল ট্যাক্স রিটার্নের জমাকৃত নিট মুনাফা দ্বারা প্রমাণিত হওয়া সাপেক্ষে, 2019 সালে আবেদনকারীর ধনাত্মক নিট মুনাফা রয়েছে কিনা তার ভিত্তিতে "প্রতিষ্ঠিত" কিনা তা নির্ধারণ করা হবে (নীচে দেখুন)।

- যোগ্য আবেদনকারীগণকে COVID-19 মহামারী বা COVID-19 স্বাস্থ্য ও সুরক্ষা সংশ্লিষ্ট প্রোটোকল অনুসরণ করার ফলে ব্যবসায়িক পরিবর্তন, প্রতিবন্ধকতা বা বন্ধ হয়ে যাওয়ার ফলে মোট আয় হ্রাস পাওয়া প্রমাণ প্রদর্শন করতে হবে (নিচে দেখুন)।

# কর্মসূচির সংক্ষিপ্ত বিবরণ

## মনোনীত হবার যোগ্য ক্ষুদ্র ব্যবসার বৈশিষ্ট্য (চলছে)

- ক্ষুদ্র এবং অতি ক্ষুদ্র ব্যবসাগুলোর যা অবশ্যই থাকতে হবে:
  1. 2019 বা 2020 সালের বার্ষিক মোট আয় $25,000 ও $500,000-এর মধ্যে
     - লাইন 1a, IRS ফর্ম 1120 বা 1065;
     - লাইন 1, IRS ফর্ম 1040 তফসিল C; অথবা
     - লাইন 1a + লাইন 2-এর যোগফল, IRS ফর্ম 1040 তফসিল F
  2. 2019 সালের ব্যাবসায়িক আয় ধনাত্মক ($1 বা তার বেশি) দেখায়
     - লাইন 28, IRS ফর্ম 1120 (লাইন 21, IRS ফর্ম 1120S);
     - লাইন 22, IRS ফর্ম 1065;
     - লাইন 31, IRS ফর্ম 1040 তফসিল C; অথবা
     - লাইন 34, IRS ফর্ম 1040 তফসিল F
  3. 2020 সালের 31 ডিসেম্বর থেকে 2019 সালের একই সময়কালের মধ্যে বছর-থেকে-বছরের আয় তুলনায় বার্ষিক মোট আয়ে কমপক্ষে 25% লোকসান দেখাতে হবে।
     - 2019 সালের ফেডারেল ট্যাক্স রিটার্নে প্রতিবেদিত IRS ফর্ম 1120 বা 1065-এর 1a, IRS ফর্ম 1040-এর লাইন 1 তফসিল C, বা IRS ফর্ম 1120 বা 1065-এ লাইন 1a + লাইন 2-এর যোগফল এবং 2020 সালের ফেডারেল ট্যাক্স রিটার্নে প্রতিবেদিত IRS ফর্ম 1120 বা 1065 এর 1a, IRS ফর্ম 1040-এর লাইন 1 তফসিল C, বা IRS ফর্ম 1040-এ লাইন 1a + লাইন 2 এর যোগফল তফসিল F-এর পার্থক্যের উপর ভিত্তি করে ক্ষতি হিসেব করতে হবে (প্রতিটি ক্ষেত্রে একই সময়কাল অন্তর্ভুক্ত করে।) গণনাকৃত মান অবশ্যই বছর ভিত্তিক তুলনায় 25% হ্রাস প্রদর্শন করবে। 2019 সালে আংশিক কর বছরের ব্যবসাগুলো 25% লোকসান 2020 সালের তুলনীয় মাসের ভিত্তিতে গণনা করবে।
  4. 2020 সালের ব্যবসায়িক আয় রিটার্নের (Business Income Return) মোট ব্যয় অনুদানের পরিমাণের চেয়ে বেশি তা দেখাতে হবে।
     - মোট ব্যয়ের হিসাব বনাম প্রস্তাবিত অনুদানের পরিমাণ আবেদনকারী কর্তৃক জমা দেওয়া 2020 সালের ফেডারেল ট্যাক্স রিটার্নের ব্যবসায়িক ব্যয়ের উপর নির্ভর করবে

# কর্মসূচির সংক্ষিপ্ত বিবরণ

## মনোনীত হবার যোগ্য ক্ষুদ্র ব্যবসার বৈশিষ্ট্য (চলছে)

5. প্রযোজ্য ফেডারেল, স্টেট ও স্থানীয় আইন, বিধিমালা, নীতিমালা এবং আবশ্যক বিষয়াবলীর শর্ত মেনে চলতে হবে।
6. জুলাই 15, 2020 এর পূর্বে কোনো ফেডারেল, স্টেট বা স্থানীয় কর বকেয়া নেই, যদি না কোনো অনুমোদিত পরিশোধ পরিকল্পনা, বিলম্বে পরিশোধের পরিকল্পনা বা অন্যান্য প্রযোগ্য ফেডারেল, স্টেট এবং স্থানীয় কর কর্তৃপক্ষের অনুমোদন থাকে।
7. ফেডারেল পে-চেক সুরক্ষা কর্মসূচির (Paycheck Protection Program) আওতায় ঋণ মওকুফসহ ফেডারেল আমেরিকান উদ্ধার পরিকল্পনা আইন 2021 (American Rescue Plan Act) বা অন্য কোনো উপলভ্য ফেডারেল COVID-19 অর্থনৈতিক পুনরুদ্ধার বা ব্যবসা সহায়তা অনুদান কর্মসূচীর আওতায় ব্যবসা অনুদান সহায়তা কর্মসূচির জন্য নির্বাচিত হতে পারবে না অথবা এই ধরনের ফেডারাল কর্মসূচি* থেকে পর্যাপ্ত ব্যবসায়িক সহায়তা পেতে অক্ষম।

যোগ্য আবেদনকারীগণ নিম্নলিখিত ফেডারাল সহায়তা পেতে পারেন:

- পে চেক সুরক্ষা কর্মসূচি ঋণ যার মোট পরিমাণ $100,000 বা তার কম
- $10,000 বা তার কম পরিমাণের COVID-19 EIDL অগ্রীম অনুদান (Economic Injury Disaster Loan, EIDL Advance Grant)
- $5,000 বা তার কম পরিমাণের COVID-19 EIDL লক্ষ্যমাত্রা কেন্দ্রিক অগ্রীম সম্পূরক অনুদান (EIDL Supplemental Targeted Advance Grant)
- SBA বন্ধ ভেন্যু অপারেটরদের জন্য অনুদান

# কর্মসূচির সংক্ষিপ্ত বিবরণ

## অতিরিক্ত তথ্য

- যোগ্য আবেদনকারীদেরকে অবশ্যই নিউইয়র্ক স্টেটের কাছে গ্রহণযোগ্য প্রমাণ সরবরাহ করতে হবে যে যোগ্য আবেদনকারী সক্রিয় রয়েছে এবং যোগ্য আবেদনকারী কোনো স্টেট, স্থানীয় বা অন্যান্য এজেন্সি আদেশ দ্বারা নিষিদ্ধ নয়।

- সীমিত তহবিল এবং প্রত্যাশিত উচ্চতর সংখ্যক অনুরোধের কারণে ব্যবসার ধরন, অবস্থান এবং শিল্প অনুদান প্রাপ্তির বিবেচনায় নিয়ামক হিসেবে কাজ করতে পারে।

- সামাজিক ও অর্থনৈতিকভাবে সুবিধাবঞ্চিত ব্যবসায়ীদেরকে অগ্রাধিকার দেওয়া হবে, যাদের মধ্যে রয়েছে (কিন্তু এগুলোর মধ্যেই সীমাবদ্ধ নয়) সংখ্যালঘু এবং নারী-মালিকানাধীন ব্যবসায়িক উদ্যোগ (NYC প্রত্যয়নের প্রয়োজন নেই), স্বশস্ত্র বাহিনীতে কর্মরত অবস্থায় বিকলাঙ্গ হওয়ার কারণে অবসরপ্রাপ্ত সদস্যদের মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠান এবং স্বশস্ত্র বাহিনীর সদস্যদের মালিকানাধীন ব্যবসা বা কমিউনিটিতে অবস্থিত ব্যবসা যেগুলো সাম্প্রতিকতম আদমশুমারির তথ্য দ্বারা পরিলক্ষিত তথ্য অনুযায়ী 1 মার্চ, 2020 এর আগে অর্থনৈতিকভাবে দুর্দশাগ্রস্থ হয়েছিল।

# কর্মসূচির সংক্ষিপ্ত বিবরণ

## অযোগ্য ব্যবসাসমূহ

- সকল অলাভজনক, গীর্জা এবং অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠান;
- সরকারি মালিকানাধীন সত্তা বা নির্বাচিত কর্মকর্তাদের অফিসসমূহ;
- মূলত রাজনৈতিক বা তদবিরমূলক কার্যক্রমে জড়িত ব্যবসা;
- SBA রেস্তোঁরা পুনরুজ্জীবন অনুদান কর্মসূচি (SBA Restaurant Revitalization Grant Program) থেকে অ্যাওয়ার্ডপ্রাপ্ত ব্যবসা-প্রতিষ্ঠান;
- বাড়িওয়ালা এবং নিষ্ক্রিয় (Passive) রিয়েল এস্টেট আয়ের ব্যবসা;
- অবৈধ ব্যবসা বা উদ্যোগ; এবং
- ESD কর্তৃক নির্দিষ্ট করা অন্যান্য শিল্প বা ব্যবসায়ের ধরন।

# কর্মসূচির সংক্ষিপ্ত বিবরণ

## প্রয়োজনীয় কাগজপত্র

1. আয়ের মোট ক্ষতি বা অন্যান্য অর্থনৈতিক কষ্টকর পরিস্থিতি প্রমাণের জন্য: 2019 এবং 2020 সালের ব্যবসায়িক আয়কর রিটার্ন
   - কর্পোরেশন এবং সীমাবদ্ধ দায়বদ্ধতা কোম্পানি (LLC, limited liability company)-র জন্য - IRS ফর্ম 1120
   - অংশীদারিত্বের জন্য - IRS ফর্ম 1065 এবং তফসিল K-1s
   - একক স্বত্বাধিকারীদের জন্য - IRS ফর্ম 1040 এবং তফসিল C
     - একক স্বত্বাধিকারী প্রতিষ্ঠানের ব্যবসার জন্য - IRS ফর্ম 1040 এবং তফসিল F অন্তর্ভুক্ত করুন

   দ্রষ্টব্য: 2019 ও 2020 সালের সম্পূর্ণভাবে পূরণকৃত ফেডারেল আয়কর রিটার্ন আবশ্যক

2. পূর্ণ করা IRS ফর্ম 4506-C (যদি লেন্ডিস্ট্রি অনুরোধ করে)

3. ব্যবসার অবস্থান এবং বর্তমান কর্ম পরিচালনার প্রমাণ (অবশ্যই নিম্নের যেকোনো দুটি (2) দিতে হবে):
   - বর্তমান ভাড়া
   - ইউটিলিটি বিল
   - ব্যবসায়ের বর্তমান ব্যাংক স্টেটমেন্ট
   - ব্যবসায়ের বর্তমান মর্টগেজ স্টেটমেন্ট
   - ব্যবসায়ের ক্রেডিট কার্ডের স্টেটমেন্ট
   - পেশাদার বিমা বিল
   - পেমেন্ট প্রসেসিং স্টেটমেন্ট
   - NYS ST-809 বা ST-100 বিক্রয় কর সংগ্রহের কাগজপত্র

# কর্মসূচির সংক্ষিপ্ত বিবরণ

## প্রয়োজনীয় কাগজপত্র (চলছে)

4. মালিকানার তফসিল ব্যবসায়ের 20% বা তার বেশি অংশের মালিকানাধীন যেকোনো মালিকের নাম, ঠিকানা, সামাজিক সুরক্ষা নম্বর (যুক্তরাষ্ট্রের অধিবাসী নন এমন মালিক, ব্যক্তিগত করদাতা সনাক্তকরণ নম্বর), ফোন নম্বর, ইমেইল, শতাংশ মালিকানা এবং ফটো আইডির তালিকা:
   - অনুদানের জন্য আবেদনটি সম্পূর্ণ করতে, মালিক/আবেদনকারীকে অবশ্যই কমপক্ষে 20% এর মালিক হতে হবে এবং তালিকাভুক্তির নাম, ঠিকানা, সামাজিক সুরক্ষা নম্বর অথবা যুক্তরাষ্ট্রের অধিবাসী নন এমন মালিকদের জন্য, ব্যক্তিগত করদাতা সনাক্তকরণ নম্বর, ফোন নম্বর, ইমেইল, শতাংশ মালিকানা ও ফটো আইডির তালিকা সরবরাহ করতে হবে।
   - অনুদানের অর্থায়ন সম্পূর্ণ করতে, মালিক/আবেদনকারীকে অবশ্যই কমপক্ষে 20% এর মালিক হতে হবে এবং নাম, ঠিকানা, সামাজিক সুরক্ষা নম্বর, অথবা যুক্তরাষ্ট্রের অধিবাসী নন এমন মালিকদের জন্য, ব্যক্তিগত করদাতা সনাক্তকরণ নম্বর, ফোন নম্বর, ইমেইল, শতাংশ মালিকানা ও ফটো আইডির তালিকা সরবরাহ করতে হবে।
   - যুক্তরাষ্ট্রের অধিবাসী নন এমন মালিকদেরকে IRS ফর্ম CP565-এর মাধ্যমে ব্যক্তিগত করদাতা সনাক্তকরণ নম্বর দিতে হবে।

5. কর্মী সংখ্যার প্রমাণ: সর্বশেষ জমা করা নিয়োগকারী ফার্মের NYS-45 কাগজপত্র।

6. ব্যবসা প্রতিষ্ঠানের প্রমাণ (নিচের শুধুমাত্র একটি (1) জমা দিন):
   - বর্তমান ব্যবসার লাইসেন্স
   - বর্তমান ব্যবসার সনদপত্র
   - প্রতিষ্ঠানের সনদপত্র
   - গৃহীত নামের সনদপত্র (DBA)
   - NYS অনুমোদনের সনদ
   - আর্টিকেলস অব ইনকর্পোরেশন
   - NYS-এ কর্মপরিচালনার জন্য অনুমোদন প্রদানের জন্য NYC মিউনিসিপালিটি নথিপত্র ইস্যু করেছে।

7. তহবিল বিতরণের জন্য: IRS ফর্ম W-9 এবং ব্যাংক অ্যাকাউন্টের তথ্য

# কর্মসূচির সংক্ষিপ্ত বিবরণ

## তহবিলের উপযুক্ত ব্যবহার

অনুদান মার্চ 1, 2020 এবং 1 এপ্রিল, 2021 সময়কালের মধ্যে COVID-19 সম্পর্কিত ব্যয়ের জন্য ব্যবহার করতে হবে। এগুলোর মধ্যে রয়েছে:

1. পেরোল ব্যয়
2. NYS ভিত্তিক সম্পত্তির জন্য বাণিজ্যিক ভাড়া বা বন্ধকী অর্থ প্রদান (তবে কোনো কোনো ভাড়া বা মর্টগেজ পরিশোধ নয়);
3. NYS-এর কোনো ক্ষুদ্র ব্যবসার সাথে সম্পর্কিত স্থানীয় সম্পত্তি বা স্কুল করের পেমেন্ট;
4. বিমা ব্যয়
5. ইউটিলিটি বিল;
6. কর্মী এবং ভোক্তা স্বাস্থ্য ও সুরক্ষা নিশ্চিতের জন্য প্রয়োজনীয় ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জামের ব্যয় (PPE);
7. গরম করার ব্যবস্থা, ভেন্টিলেশন এবং এয়ার কন্ডিশনার (HVAC) খরচ;
8. অন্যান্য যন্ত্রপাতি বা সরঞ্জামের ব্যয়;
9. COVID-19 স্বাস্থ্য ও সুরক্ষা সংশ্লিষ্ট প্রোটোকল পরিপালনের জন্য প্রয়োজনীয় সরবরাহ ও উপকরণ; অথবা
10. এম্পায়ার স্টেট ডেভলপমেন্ট কর্তৃক অনুমোদিত অন্যান্য নথিভুক্ত COVID-19 সংশ্লিষ্ট ব্যয়।

## তহবিলের অনুপযুক্ত ব্যবহার

প্রোগ্রামের অধীনে প্রদত্ত অনুদান ব্যবসায়িক সহায়তার জন্য COVID-19 ত্রাণ প্যাকেজ বা নিউইয়র্ক স্টেটের কোনো ব্যবসা সহায়তা কর্মসূচির মাধ্যমে প্রাপ্ত ঋণের কোনো অংশ পুনরায় প্রদান বা পরিশোধ করতে ব্যবহৃত হতে পারবে না।

# আবেদনকারীর সনদপত্র

## কিভাবে ফর্মটি ডাউনলোড ও সম্পন্ন করবেন

NEW YORK STATE OF OPPORTUNITY | Empire State Development

Powered by lendistry

# আবেদনের সনদপত্র

## আবেদনের সনদপত্র বলতে কী বোঝায়?


আবেদন প্রক্রিয়ার অংশ হিসেবে, আপনাকে “আবেদনের সনদপত্রটি” স্বাক্ষর করার মাধ্যমে আপনাকে নিজে নিজে তথ্যের নির্ভুলতা প্রত্যয়ন করতে হবে।

আপনি ডাউনলোড ও সম্পন্ন করার জন্য আবেদনের সনদপত্রটি ইলেকট্রনিক আকারে উপলভ্য হবে। এই অনুদান প্রক্রিয়ায় স্বাক্ষরিত আবেদনের সনদপত্র একটি আবশ্যক নথি এবং তা পোর্টালে আপলোড করতে হবে।


আপনি দুইভাবে আবেদনের সনদপত্রটি সম্পন্ন করতে পারবেন:


1. ডাউনলোড করে ইলেকট্রনিক উপায়ে সনদপত্রটি স্বাক্ষর করতে পারবেন, অথবা
2. ফর্মটি প্রিন্ট করে হাতে হাতে পূরণ করুন।


আবেদনের সনদপত্রটি ডাউনলোড বা প্রিন্ট করতে এখানে ক্লিক করুন।



NEW YORK STATE COVID-19 PANDEMIC SMALL BUSINESS RECOVERY GRANT PROGRAM

APPLICANT CERTIFICATION









# আবেদনের সনদপত্রটি ডাউনলোড করে পূর্ণ করুন


## নির্দেশাবলী

ধাপ 1: আবেদনের সনদপত্রটি দেখতে এখানে ক্লিক করুন।

ধাপ 2: আপনার কম্পিউটারে আবেদনের সনদপত্রটি ডাউনলোড করতে আইকনটি ক্লিক করুন।





ধাপ 3: আপনার ডেস্কটপে সনদপত্রটি সেভ করুন।




ধাপ 4: ডেস্কটপে যান, আবেদনের সনদপত্রটির অবস্থান নির্ণয় করুন এবং সেখান থেকে ফাইলটি খুলুন।




ধাপ 5: আপনার আবেদনের সনদপত্রটির পিডিএফ ফাইল হিসেবে খুলবে। নম্বরযুক্ত সকল আইটেমের পাশে আপনার অনুস্বাক্ষর দেওয়ার পর 5 নম্বর পৃষ্ঠায় আপনার স্বাক্ষর ও ব্যবসা সংক্রান্ত তথ্য দিয়ে আবেদনের সনদপত্রটি সম্পন্ন করুন।



ধাপ 6: File-এ যান > সেভ করুন বা কী-বোর্ডে CTRL+S চেপে আপনার সম্পন্ন করা আবেদনের সনদপত্রটি সেভ করুন।


ধাপ 7: পূর্ণ করা আবেদনের সনদপত্রটি পোর্টালে আপলোড করুন।

# আবেদনের সনদপত্রটি প্রিন্ট করে হাতে হাতে পূরণ করুন

## নির্দেশাবলী

ধাপ 1: আবেদনের সনদপত্রটি দেখতে [এখানে ক্লিক করুন।]

ধাপ 2: প্রিন্টার আইকনটিতে ক্লিক করে আবেদনের সনদপত্রটি প্রিন্ট করুন।



NEW YORK STATE COVID-19 PANDEMIC SMALL BUSINESS RECOVERY GRANT PROGRAM

APPLICANT CERTIFICATION

In connection with the New York State COVID-19 Pandemic Small Business Recovery Grant Program (the "Program") funded by the State of New York (the "State") and administered by the New York State Urban Development Corporation d/b/a/ Empire Development ("ESD"), the undersigned, constituting an authorized representative of the below-referenced applicant business (the "Applicant"), acknowledges and agrees on behalf of the Applicant, that the State, ESD, and B.S.D. Capital, Inc. dba Lendistry as the designated third-party grant administrator of the Program ("Lendistry"), each may rely on the below certifications in determining the Applicant's eligibility for receipt of a grant under the Program.

**By executing this document (the "Application Certification"), the Applicant hereby certifies to all of the following (please initial next to each of the certifications below):**

___1. The undersigned signatory: (a) is a duly authorized owner and representative of Applicant; (b) except to the extent Applicant is a cooperative business entity, holds at least 20% of the outstanding ownership interest in Applicant; and (c) has full authority to make the certifications referenced herein on Applicant's behalf.

___2. Applicant represents, warrants, and agrees that it has the full authority to make the certifications referenced herein.

___3. Applicant acknowledges and agrees that the State, ESD, and/or Lendistry each reserves the right to demand the return of all or any portion of the grant funds if any of the certifications made herein are determined to be false or not adhered to.

___4. Applicant acknowledges and agrees that it will cooperate with and provide such information as is reasonably requested by the State, ESD, Lendistry, and/or either of their authorized designees, including, without limitation, for the purpose of conducting a Program compliance review. Such request may include, without limitation, documentation and other information regarding Applicant's business activities and/or financial information.

___5. Applicant acknowledges that the State, ESD, Lendistry, and/or either of their authorized

ধাপ 3: গাঢ় কালির কলম ও পাঠযোগ্য হাতের লেখার মাধ্যমে আবেদনের সনদপত্রটি পূরণ করুন।

ধাপ 4: পূর্ণ করা আবেদনের সনদপত্রটি স্ক্যান করে পোর্টালে আপলোড করুন।

# আবেদন করার জন্য পরামর্শ

NEW YORK STATE OF OPPORTUNITY | Empire State Development

Powered by lendistry

# পরামর্শ #1: গুগল ক্রোম ব্যবহার করুন

## নির্দেশাবলী

ব্যবহারের সেরা অভিজ্ঞতার জন্য অনুগ্রহ করে পুরো আবেদন প্রক্রিয়ায় Google Chrome ব্যবহার করুন।

অন্যান্য ওয়েব ব্রাউজারগুলো আমাদের ইন্টারফেস সাপোর্ট নাও করতে পারে এবং আপনার আবেদনে ত্রুটি সৃষ্টি করতে পারে।

আপনার ডিভাইসে গুগল ক্রোম না থাকলে এটিকে আপনি বিনামূল্যে https://www.google.com/chrome/ থেকে ডাউনলোড করতে পারেন

আবেদন শুরুর পূর্বে অনুগ্রহ করে গুগল ক্রোমে নিম্নলিখিত কাজগুলো করুন:

1. **ক্যাশ পরিষ্কার করুন:** ক্যাশকৃত ডেটা হল এমন তথ্য যা পূর্বে ব্যবহৃত ওয়েবসাইট বা অ্যাপ্লিকেশন থেকে সংরক্ষিত হয়েছিল এবং প্রাথমিকভাবে আপনার তথ্যটি স্বয়ক্রিয়ভাবে-একত্রিত করে ব্রাউজিং প্রক্রিয়াটি দ্রুততর করার জন্য ব্যবহৃত হয়। তবে ক্যাশকৃত ডেটার মধ্যে তথ্য হিসেবে পূর্বে আপনার ভুলভাবে প্রবেশ করানো পুরানো পাসওয়ার্ড বা তথ্যের মত পুরানো তথ্য থাকতে পারে। এটি আপনার আবেদনে ত্রুটি তৈরি করতে পারে এবং এর ফলে এটি সম্ভাব্য জালিয়াতির জন্য ফ্ল্যাগড হতে পারে।


2. **Incognito মোড চালু করুন।**: Incognito মোড আপনাকে ব্যক্তিগতভাবে তথ্য প্রবেশ করানোর সুযোগ দেয় এবং আপনার ডেটা মনে রাখা বা ক্যাশ হওয়ায় বাধা দেয়।

3. **আপনার পপ-আপ ব্লকার নিষ্ক্রিয় করুন:** আমাদের অ্যাপ্লিকেশনে একাধিক পপ-আপ বার্তা থাকে যেগুলো আপনার দেয়া তথ্যের নির্ভুলতা নিশ্চিত করার জন্য ব্যবহৃত হয়। এই মেসেজগুলো দেখতে আপনাকে অবশ্যই Google Chrome-এ পপ-আপ ব্লকার নিষ্ক্রিয় করতে হবে।


# পরামর্শ #2: ক্যাশ পরিষ্কার করুন

## নির্দেশাবলী


1. উপরের ডানদিকের কোণার তিনটি বিন্দুতে ক্লিক করুন,এবং "Settings"-এ যান




2. "Privacy and Security"-তে গিয়ে "Clear Browsing Data" নির্বাচন করুন





3. "Clear Data" নির্বাচন করুন



# পরামর্শ #3: Incognito মোড ব্যবহার করুন

## নির্দেশাবলী


আপনার ওয়েব ব্রাউজারের উপরের ডানদিকের কোণার তিনটি বিন্দুতে ক্লিক করে “New incognito window” নির্বাচন করুন। আপনার ব্রাউজার একটি নতুন উইন্ডো খুলবে।




# পরামর্শ #4: পপ-আপ ব্লকার নিষ্ক্রিয় করুন

## নির্দেশাবলী


1. গুগল ক্রোমে উপরের ডানদিকের কোণার তিনটি বিন্দুতে ক্লিক করে “সেটিংস”-এ ক্লিক করুন।





2. “গোপনীয়তা ও নিরাপত্তা” নির্বাচন করুন





3. “সাইট সেটিংস” নির্বাচন করুন




4. “পপ-আপ এবং রিডাইরেক্ট” নির্বাচন করুন।




5. বাটনটিতে চাপ দিন যাতে এটি **নীল** হয় এবং এটির স্ট্যাটাস “ব্লকড” থেকে “অ্যালাউড” হয়।



# পরামর্শ #5: সকল ডকুমেন্ট PDF ফরম্যাটে জমা দিন

## নির্দেশাবলী

ইলেক্ট্রনিক ফর্ম অবশ্যই পরিষ্কার, সোজা হবে এবং কোনো প্রকার সমস্যা সৃষ্টিকারী ব্যাকগ্রাউন্ড থাকবে না।

নথিপত্র আপলোড করার জন্য গুরুত্বপূর্ণ বিষয়াবলী:

- সকল নথি অবশ্যই PDF ফরম্যাটে জমা দিতে হবে।
- ফাইলের আকার অবশ্যই 15 মেগাবাইটের কম হতে হবে।
- ফাইলের নামে কোনো বিশেষ চিহ্ন থাকতে পারবে না (!@#$%^&*()_+)।
- আপনার ফাইলটি পাসওয়ার্ড দিয়ে সুরক্ষিত থাকলে আপনাকে তা পোর্টালে লিখতে হবে, অন্যথায় আমরা নথিটি দেখতে পারবো না।

আপনার কোনো স্ক্যানার না থাকলে আমরা নিম্নলিখিত ফ্রি মোবাইল অ্যাপ্লিকেশনগুলো ব্যবহার করার পরামর্শ দিই:

**Genius Scan**
অ্যাপল । ডাউনলোড করতে এখান ক্লিক করুন
অ্যান্ড্রয়েড । ডাউনলোড করতে এখানে ক্লিক করুন


**Adobe Scan**
অ্যাপল । ডাউনলোড করতে এখান ক্লিক করুন
অ্যান্ড্রয়েড । ডাউনলোড করতে এখানে ক্লিক করুন

সঠিক




ভুল






# পরামর্শ #6: একটি বৈধ ইমেইল ঠিকানা ব্যবহার করুন

## নির্দেশাবলী

আবেদন করার সময় আপনি একটি বৈধ ইমেইল ঠিকানা ব্যবহার করছেন তা নিশ্চিত করুন। আপনার দেয়া ইমেইল ঠিকানায় আপনি আপডেট এবং অতিরিক্ত নির্দেশাবলী পাবেন।

গুরুত্বপূর্ণ টীকা - নিম্নলিখিত ইমেইল ঠিকানাগুলো আমাদের সিস্টেমে গৃহীত বা স্বীকৃত হবে না:

**info@** দিয়ে শুরু করা ইমেইলগুলো
উদাহরণ: info@mycompany.com

**@contact.com** বা **@noreply.com** দিয়ে শেষ হওয়া ইমেইলগুলো
উদাহরণ: example@contact.com
Example: example@noreply.com

# পরামর্শ #7: আপনার পছন্দের ভাষায় অ্যাপ্লিকেশনটি অনুবাদ করুন

## নির্দেশাবলী

আমাদের অ্যাপ্লিকেশন নিম্নলিখিত ভাষাগুলোতে অনুবাদযোগ্য হবে:

- স্পেনীয়
- চাইনিজ (সরলীকৃত)
- রাশিয়ান
- ইহুদী
- বাংলা
- কোরিয়ান
- হেশিয়ান ক্রিওল
- ইটালিয়ান
- আরবি
- পোলিশ
- হিন্দি
- জার্মান

**গুরুত্বপূর্ণ টীকা:** আবেদনটি সম্পূর্ণ করতে ইংরেজি ছাড়া অন্য ভাষার সহায়তার জন্য অনুগ্রহ করে আমাদের কল সেন্টারে যোগাযোগ করুন বা www.nysmallbusinessrecovery.com ভিজিট করুন।

# আবেদন

## কোন কোন তথ্য লাগবে

NEW YORK STATE OF OPPORTUNITY | Empire State Development

Powered by lendistry

# আপনি শুরু করার আগে


## যা যা হতে পারে

এই অনুদানের আবেদনটি এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) কর্তৃক পরিচালিত হয় এবং Lendistry কর্তৃক সমর্থন দেওয়া হয়।

শুরু করার পূর্বে, নতুন আবেদন শুরু করার জন্য আপনাকে একটি অপেক্ষা করার কক্ষে সারিতে থাকতে হবে। (গুরুত্বপূর্ণ টীকা: একাধিক আবেদনপত্র পূরণ করবেন না। এটি সম্ভাব্য জালিয়াতি হিসেবে সনাক্ত হবে এবং আপনার আবেদনটিকে বাধাগ্রস্ত করবে।)

আপনাকে একবারেই আবেদনটি সম্পন্ন করতে হবে না এবং তা সেভ করে পরে আবার শুরু করার সুযোগ থাকবে।

আমাদের পোর্টালের লগইন-এর তথ্য পেতে, আপনার আবেদনের "চলুন শুরু করা যাক" অংশে আপনার সাথে যোগাযোগের তথ্য লিখুন। আপনি আপনার অ্যাকাউন্টটি সক্রিয় করার পর, আপনি আপনার অসম্পন্ন আবেদনটি সম্পন্ন করতে সক্ষম হবেন।



# সেকশন 1: আপনার অ্যাপ্লিকেশন শুরু করুন


## কী তথ্য লাগবে?

- নামের প্রথম অংশ
- নামের শেষাংশ
- ই-মেইল
- ফোন নম্বর
- ব্যবসার নাম
- ব্যবসার জিপ কোড:
- রেফারেল পার্টনার (এই ফিল্ডের জন্য আপনার নির্বাচনটি আপনার আবেদনের উপর কোনো প্রভাব ফেলবে না)
- পছন্দসই ভাষা

গুরুত্বপূর্ণ টীকা: এই সেকশনে একটি বৈধ ইমেইল ঠিকানার ব্যবহার নিশ্চিত করুন। আপনার দেয়া ইমেইল ঠিকানায় গুরুত্বপূর্ণ আপডেট এবং পরবর্তী নির্দেশাবলী প্রেরণ করা হবে। অবৈধ ইমেইল ঠিকানার একটি তালিকার জন্য "Tips for Applying" দেখুন।

## SMS/টেক্সট নীতিমালা

আপনার অনুদান আবেদনের অবস্থার আপডেট SMS/টেক্সটের মাধ্যমে পাওয়া যাবে। SMS/টেক্সটের মাধ্যমে আপডেট পেতে অনুগ্রহ করে প্রকাশটি (Disclosure) পড়ার পরে বাক্সটিতে টিক চিহ্ন দিয়ে সম্মতি দিন। আপনি এই বৈশিষ্ট্যটি থেকে বেরিয়ে যেতে চাইলে বাক্সটি টিক দিবেন না।


আসুন আপনার অ্যাপ্লিকেশন (নিউ ইয়র্ক ক্ষুদ্র ব্যবসা পুনরুদ্ধার অনুদান প্রোগ্রাম) দিয়ে শুরু করা যাক
ভিডিও দেখা

প্রথম নাম (দয়া করে ইংরেজিতে উত্তর দিন) *
john

শেষ নাম (দয়া করে ইংরেজিতে উত্তর দিন) *
doe

ইমেল ঠিকানা *
johndoelendistry@yopmail.com

ইমেল ঠিকানা নিশ্চিত করুন *
johndoelendistry@yopmail.com

মালিক সেল ফোন *
555-555-5555

মালিকের সেল ফোনটি নিশ্চিত করুন *
555-555-5555

ব্যবসায়ের নাম (দয়া করে ইংরেজিতে উত্তর দিন) *
small business

ব্যবসায়ের জিপ কোড *
12345

রেফারেল পার্টনার *
দুদক কর্পোরেশন

পছন্দসই ভাষা *
ইংরেজি

আমি এসএমএস / পাঠ্য নীতি গ্রহণ করি

চালিয়ে যান

SAMPLE

# সেকশন 2: মালিকের তথ্যাবলী

## কী তথ্য লাগবে?

- মালিকের নামের প্রথম অংশ
- মালিকের নামের শেষ অংশ
- মালিকের ই-মেইল
- মালিকের ঠিকানা, সিটি, স্টেট, জিপ কোড এবং কাউন্টি
- মালিকের জন্মদিন
- মালিকের সামাজিক নিরাপত্তা নম্বর (বা ITIN)
- মালিকানার %





## শর্তাবলী

আপনি শর্তাবলী পড়েছেন এবং সম্মত হয়েছেন তা প্রদর্শন করতে বক্সটিতে টিক দিন। আপনার অনুদান আবেদন নিয়ে এগিয়ে যাওয়ার জন্য আপনাকে অবশ্যই সম্মত হতে হবে।

# সেকশন 3: ব্যবসাগত তথ্য

## কী তথ্য লাগবে?


- ব্যবসার নাম
- DBA (প্রযোজ্য হলে)
  তথ্য: আপনার ব্যবসার কোনো **DBA** না থাকলে, এই ঘরে “**NONE**” লিখুন।
- ব্যবসার নিয়োগকর্তার পরিচয় নম্বর (Employer Identification Number, EIN)
- ব্যবসার ফোন নম্বর
- ব্যবসার প্রকার
- নিবন্ধনের অবস্থা (State of Incorporation)
- ঠিকানা, সিটি, স্টেট, জিপ কোড এবং কাউন্টি
- ব্যবসা শুরু করার তারিখ
- ব্যবসার ওয়েবসাইটের
  দ্রষ্টব্য: আপনার ব্যবসার যদি কোনো ওয়েবসাইট না থাকে তাহলে এই ঘরে **none.com** লিখুন।



# সেকশন 4: আমরা কীভাবে সহায়তা করতে পারি?

## কী তথ্য লাগবে?


- অনুদানের উদ্দেশ্য
- অনুদান পাওয়ার প্রাক্কলিত পরিমাণ
  টিকা: আপনার অনুরোধের পরিমাণ নির্ভর করবে 2019 সালে আপনার বার্ষিক মোট আয়ের উপর।
- 2019 সালের বার্ষিক মোট আয় (এটি অবশ্যই আপনার আয়কর রিটার্নের সাথে মিলতে হবে)
- আপনার ব্যবসা কি 2019 সালে লাভজনক ছিল? (লাইন 28, IRS ফর্ম 1120; লাইন 22, IRS ফর্ম 1065; লাইন 31, IRS ফর্ম 1040 তফসিল C; বা লাইন 34, IRS ফর্ম 1040 তফসিল F)।
- পূর্ণকালীন কর্মচারী # (2020)
- খণ্ডকালীন কর্মচারী # (2020)
- সৃষ্ট কর্মসংস্থান # (2020)
- চাকুরি ধরে রেখেছে # (2020)



# সেকশন 5: ব্যবসায়ের জনতত্ত্ব

## কী তথ্য লাগবে?

- আপনার গ্রাহকদের ধরন কী?
  - B2B: ব্যবসা থেকে ব্যবসা (Business-to-Business) কোম্পানিটি অন্যান্য ব্যবসা প্রতিষ্ঠানে পরিষেবা বা পণ্য সরবরাহ করে
  - B2C: ব্যবসা থেকে ভোক্তা (Business to Consumer) কোম্পানি সরাসরি স্বতন্ত্র ভোক্তার কাছে বিক্রি করে
- আপনার কিসের ব্যবসা? এটি কোন ধরনের ব্যবসা?
- আমাদেরকে আরও বলুন।
- উত্তর আমেরিকান শিল্প শ্রেণীবদ্ধকরণ সিস্টেম (North American Industry Classification System, NAICS) কোড*
- নারী-মালিকানাধীন ব্যবসা?**+
- বয়স্ক-লোকের-মালিকানাধীন ব্যবসা?**
- প্রতিবন্ধী?**
- জাতি?
- নৃতাত্ত্বিক পরিচয়?
- ফ্রাঞ্চাইজি?
- সংখ্যালঘু-মালিকানাধীন ব্যবসা?**+




NAICS কোড সিস্টেম ফেডারেল পরিসংখ্যান সংস্থাগুলো মার্কিন অর্থনীতির সাথে সম্পর্কিত পরিসংখ্যান সংশ্লিষ্ট ডেটা সংগ্রহ, বিশ্লেষণ এবং প্রকাশের জন্য ব্যবহার করে।

NAICS একটি স্ব-নির্ধারিত (Self-assigned) সিস্টেম; কেউ আপনার জন্য একটি NAICS কোড বরাদ্দ করবে না।
এর মানে হচ্ছে, একটি কোম্পানি এমন একটি কোডটি নির্বাচন করে যা তাদের মূল ব্যবসায়িক কার্যক্রমকে সবচাইতে ভালোভাবে প্রদর্শন করে এবং তাদের কোড চাওয়া হলে তা ব্যবহার করে।

আপনার NAICS কোড পেতে, www.naics.com-এ যান।


**ব্যক্তি সরাসরি ব্যবসায়ের মালিকানার 50% এরও বেশি মালিক এবং নিয়ন্ত্রণ করে।

+NYS প্রত্যয়ন প্রয়োজন নেই

# সেকশন 6: উন্মোচন করা বিষয়

## কী তথ্য লাগবে?

1. আবেদন করার দিন পর্যন্ত আপনার ব্যবসা কি খোলা ও চালু রয়েছে?
2. আপনার ব্যবসা কি লাভজনক হিসেবে নির্মিত?
3. আপনি কি প্রযোজ্য ফেডারেল, স্টেট ও স্থানীয় আইন, বিধিমালা, নীতিমালা এবং আবশ্যক বিষয়াবলীর শর্ত মেনে চলেন?
4. আপনার কি জুলাই 15, 2020 এর পূর্বে কোনো ফেডারেল, স্টেট বা স্থানীয় কর বকেয়া এবং কোনো অনুমোদিত পরিশোধ, বিলম্ব পরিকল্পনা বা যথাযথ ফেডারেল, স্টেট এবং স্থানীয় কর কর্তৃপক্ষের সাথে চুক্তি রয়েছে।
5. আপনার ব্যবসা কি উপরে বর্ণিত হিসেবে লাভজনক স্বাধীন শিল্প এবং সাংস্কৃতিক সেক্টরের? (আপনি যদি "হ্যাঁ" উত্তর দেন তাহলে অনুগ্রহ করে আবেদনের অতিরিক্ত প্রশ্নের উত্তর দিন)
6. আপনার ব্যবসাটি কি চাকুরীরত অবস্থায় বিকলাঙ্গ হওয়া কোনো বয়স্ক লোকের?
7. আপনার ব্যবসাটি কি শ্রমিক সমিতি হিসেবে প্রতিষ্ঠিত?
8. ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠানটির 50%-এর বেশি মালিকানা কি সামাজিক ও অর্থনৈতিকভাবে সুবিধাবঞ্চিত ব্যক্তিদের, যাদের মধ্যে সংখ্যালঘু ও নারী-মালিকানাধীন, স্বশস্ত্র বাহিনীতে কর্মরত অবস্থায় বিকলাঙ্গ হওয়ার কারণে অবসরপ্রাপ্ত সদস্যদের মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠান বা বয়স্ক-লোকদের মালিকানাধীন ব্যবসা প্রতিস্থান বা মার্চ 1, 2020 তারিখের পূর্বে অর্থনৈতিকভাবে পিছিয়ে পরা কমিউনিটিতে অবস্থিত ব্যবসা প্রতিষ্ঠান (যুক্তরাষ্ট্র আদমশুমারি অনুযায়ী)?
9. 2019 সালের বার্ষিক মোট আয় (Gross Receipts)? (এটি আপনার আয়কর রিটার্নের সাথে মিলতে হবে)
10. 2020 সালে বার্ষিক মোট আয় (Gross Receipts)? (এটি আপনার আয়কর রিটার্নের সাথে মিলতে হবে)
11. 2019 সালে আপনি কতমাস ব্যবসা চালিয়েছিলেন?
12. কোভিড-19 মহামারী চলাকালীন, আপনার ব্যবসা কি কোভিড-19 সম্পর্কিত জরুরি কোনো তহবিল পেয়েছে?
13. আপনি কি NYS কারিগরি সহায়তা প্রদানকারী (NYS Technical Assistance Provider) থেকে কোনো সহায়তা বা সাপোর্ট পেয়েছিলেন?
14. আপনি কি কোনো উদ্যোগ বিষয়ক সহায়তা কেন্দ্র (Entrepreneurship Assistance Center) থেকে কোনো সহায়তা বা সাপোর্ট পেয়েছিলেন?
15. আপনি কি কোনো কমিউনিটি উন্নয়নমূলক আর্থিক প্রতিষ্ঠান (Community Development Financial Institution, CDFI) থেকে কোনো সহায়তা বা সাপোর্ট পেয়েছিলেন?
16. আপনি কি চেম্বার অফ কমার্স থেকে কোনো সহায়তা বা সাপোর্ট পেয়েছিলেন?
17. আপনি কি ক্ষুদ্র ব্যবসা উন্নয়ন কেন্দ্র (Small Business Development Center) থেকে কোনো সহায়তা বা সাপোর্ট পেয়েছিলেন?
18. আপনার ব্যবসায়ের কি বর্তমানে কোনো কারিগরি সহায়তা বা সাহাজ লাগবে?
19. আপনার ব্যবসায়ের কি বর্তমানে কোনো ঋণ লাগবে?



# সেকশন 7: নিশ্চিতকরণ


## নির্দেশাবলী


আবেদনের শেষে আপনার কাছে দুটি বিকল্প রয়েছে:

1. আপনার আবেদনটি সংরক্ষণ করুন এবং এটি পরে শেষ করুন: **'NO'** নির্বাচন করুন
আপনি যদি আপনার আবেদনটি সেভ করে পরে সম্পন্ন করতে চান, তবে **NO** নির্বাচন করুন এবং "Save & Continue Later"-এ ক্লিক করুন। গুরুত্বপূর্ণ টীকা: আপনার আবেদনটি অনুদানের জন্য বিবেচিত হতে হলে অবশ্যই সম্পূর্ণ হতে হবে।

2. আপনার আবেদন সম্পন্ন করুন এবং জমা দিন: **YES** নির্বাচন করুন
প্রদত্ত সকল তথ্য যদি সঠিক হয় এবং আপনি আপনার আবেদন জমা দেয়া সম্পন্ন করতে চান, তাহলে **YES** নির্বাচন করুন এবং "Continue"-তে ক্লিক করুন। গুরুত্বপূর্ণ টীকা: একবার জমা দেয়া হলে গেলে আপনি আপনার আবেদন আর সম্পাদনা করতে পারবেন না।

যদি এই নিশ্চিতকরণ বার্তাটি উপস্থিত না হয় তাহলে অনুগ্রহ করে নিশ্চিত হয়ে নিন যে পপ-আপ ব্লকারটি আপনার ওয়েব ব্রাউজারে নিষ্ক্রিয় করা হয়েছে।



# সেকশন 4: নিশ্চিতকরণ বার্তা


## নির্দেশাবলী

আপনার অ্যাপ্লিকেশন সফলভাবে জমা দেওয়া হলে আপনি নিম্নলিখিত বার্তাটি পাবেন।

এরপরে কী প্রত্যাশা করবেন?
আপনি পোর্টালের জন্য একটি ব্যবহারকারী নাম এবং পাসওয়ার্ডসহ একটি পৃথক ইমেইল পাবেন। নিম্নলিখিত সকল পদক্ষেপ সম্পন্ন করতে অনুগ্রহ করে লগইন ক্রেডেনশিয়াল ব্যবহার করুন:

1. সক্রিয় করুন এবং পোর্টালে সাইন ইন করুন।
2. সমস্ত প্রয়োজনীয় ডকুমেন্ট একটি গ্রহণযোগ্য ফরম্যাটে আপলোড করুন।
3. আপনার ব্যাংকের তথ্য সংযুক্ত করুন যাতে আমরা আপনার ব্যাংক স্টেটমেন্ট যাচাই করতে পারি এবং ডিরেক্ট ডিপজিট সেট আপ করতে পারি। (এটি কেবলমাত্র নির্বাচিত আবেদনকারীদের জন্য প্রয়োজনীয়)।

আপনার অ্যাকাউন্টটি সক্রিয় করতে এবং ডকুমেন্টেশন আপলোড করতে no-reply@mylendistry.com থেকে পাঠানো আপনার ব্যবহারকারীর নাম এবং পাসওয়ার্ডের জন্য অনুগ্রহ করে ক্লাটার, জাঙ্ক এবং স্প্যামসহ আপনার ইমেলটি পরীক্ষা করুন।




# সেকশন 9: আপনার ইউজারনেম এবং পাসওয়ার্ড খুঁজে নিন।

## নির্দেশাবলী

1. আমাদের পোর্টালে আপনার ব্যবহারকারী নাম এবং পাসওয়ার্ডের জন্য অনুদান আবেদনের "চলুন আপনার আবেদন শুরু করা যাক" সেকশনে আপনি যে ইমেইল ঠিকানাটি লিখেছেন তা অনুগ্রহ করে পরীক্ষা করুন।

   আপনি যদি এই ইমেলটি আপনার ইনবক্সে না দেখেন তাহলে অনুগ্রহ করে আপনার স্প্যাম এবং জাঙ্ক ফোল্ডারগুলো পরীক্ষা করুন।

2. “Click here to log in”-এ ক্লিক করে আপনার অ্যাকাউন্টটি সক্রিয় করুন।


Hi Jane ,

Thank you for applying to the New York Relief Grant.

The link below will take you to the portal and the new account created for My Company.

Please use this link to add additional information or upload requested documentation.

**Clicking the button will activate your account.**

Click here to log in

New username and password:
Username: nyrecovery@yopmail.com
Password: NLvoegHHMCY

877-721-0097
New York Small Business Recovery Grant Program. All Rights Reserved

# নথি আপলোড হচ্ছে

পোর্টালে ডকুমেন্ট যেভাবে আপলোড করবেন

NEW YORK STATE OF OPPORTUNITY | Empire State Development


Powered by lendistry

# এক নজরে পোর্টালটি

## গুরুত্বপূর্ণ টীকা

আপনি শুরু করার পূর্বে, আপনার নথিগুলো সঠিকভাবে আপলোড করা নিশ্চিত করতে অনুগ্রহ করে নিম্নলিখিত বিষয়গুলো পর্যালোচনা করুন:


- লাল অ্যাস্টেরিস্ক (*) দিয়ে চিহ্নিত নথিগুলো, অনলাইনে আবেদন সম্পন্ন করার জন্য তাৎক্ষণিকভাবে প্রয়োজন হয়।
- নীল অ্যাস্টেরিস্ক (*) দিয়ে চিহ্নিত নথিগুলো, আপনি সামনে এগিয়ে যাওয়ার সিদ্ধান্ত নেওয়ার পরই শুধু প্রয়োজন হয়। আপনাকে এই নির্বাচন সম্পর্কে অবহিত করা হবে।
- আপনি যদি অর্থায়নের জন্য অনুমোদিত হন, শুধুমাত্র তখনই ব্যাংক সম্পর্কিত তথ্য প্রয়োজন হবে।
- যদি কোনো নথি আপনার ব্যবসার জন্য প্রযোজ্য না হয় তাহলে, N/A নির্বাচন করুন।
- সকল নথি অবশ্যই PDF ফাইল আকারে জমা দিতে হবে। PDF ফাইলের আকার অবশ্যই 15 মেগাবাইটের কম হতে হবে। একাধিক পৃষ্ঠা থাকা নথিগুলোকে একটি (1) PDF ফাইল আকারে জমা দিতে হবে।
- ফাইলের নামে কোনো বিশেষ চিহ্ন ব্যবহার করবেন না (যেমন ~!@#$%^&*()_+)। আমাদের পোর্টাল স্পেশাল ক্যারেক্টার শনাক্ত করবে না।
- আপনার নথিটি পাসওয়ার্ড দিয়ে সুরক্ষিত থাকলে, আপনাকে তা পোর্টালে লিখতে হবে।




# পোর্টালে ডকুমেন্ট যেভাবে আপলোড করবেন

## নির্দেশাবলী

ধাপ 1: ডকুমেন্টের একটি প্রকার নির্বাচন করুন এবং এর ফোল্ডারটি প্রসারিত করতে নিম্নমুখী তীরটিতে ক্লিক করুন।





ধাপ 2: আপনার ডিভাইসে ফাইলটি শনাক্ত করতে "Browse"-এ ক্লিক করুন। সকল নথি অবশ্যই PDF আকারে আপলোড করতে হবে।





ধাপ 3:


- আপনার নথিটি পাসওয়ার্ড দিয়ে সুরক্ষিত থাকলে, ড্রপ-ডাউন মেন্যু থেকে **YES** নির্বাচন করে পাসওয়ার্ডটি লিখুন।




- আপনার নথিটি পাসওয়ার্ড দিয়ে সুরক্ষিত না থাকলে, ড্রপ-ডাউন মেন্যু থেকে **NO** নির্বাচন করুন এবং পাসওয়ার্ড ফিল্ডটি খালি রেখে দিন।




- আপলোড সম্পন্ন করতে “Upload Documents”-এ ক্লিক করুন। নথির স্ট্যাটাস PENDING থেকে COMPLETED-এ পরিবর্তিত হবে।



# আপনার ব্যাংকের তথ্য সংযুক্ত করা

(আপনি যদি অর্থায়নের জন্য অনুমোদিত হন, শুধুমাত্র তখনই তা প্রয়োজন হবে)


NEW YORK STATE OF OPPORTUNITY | Empire State Development


Powered by lendistry

# পোর্টালে আপনার ব্যাংকের তথ্য কিভাবে সংযুক্ত করবেন

মার্কিন যুক্তরাষ্ট্রে যেকোনো ব্যাংক বা ক্রেডিট ইউনিয়নের অ্যাকাউন্টকে Lendistry's Portal-এর মত একটি অ্যাপে সংযুক্তকরণের মাধ্যমে ACH স্থানান্তর সেট আপ করতে Lendistry তৃতীয় পক্ষের প্রযুক্তি (Plaid) ব্যবহার করে। তৃতীয় পক্ষটি আপনার অনুমতি ব্যতীত আপনার ব্যক্তিগত তথ্য শেয়ার করে না এবং বাইরের কোম্পানির কাছে বিক্রয় বা ভাড়া দেয় না। Plaid-এ বা এটির মাধ্যমে ব্যক্তিগত তথ্যের ব্যবহার Plaid-এর ব্যবহারকারীর গোপনীয়তা নীতিমালার (https://plaid.com/legal/#end-user-privacy-policy)-র অধীন। Lendistry আপনার ব্যাংক স্টেটমেন্ট যাচাই ও পর্যালোচনা করতে এই প্রযুক্তি ব্যবহার করে। ব্যাংক যাচাইকরণের এই পদ্ধতিটিকে প্রাধান্য দেওয়া হয়, তবে প্রোভাইডারের মাধ্যমে যদি আপনার ব্যাংকিং প্রতিষ্ঠানকে পাওয়া না যায় তাহলে কাজ নাও করতে পারে। এই ক্ষেত্রে আপনি অন্যান্য পদ্ধতি ব্যবহার করে আপনার ব্যাংক অ্যাকাউন্ট যাচাই করতে পারেন।


## PLAID এর মাধ্যমে LENDISTRY-এর পোর্টালে কিভাবে আপনার ব্যাংক অ্যাকাউন্ট যাচাই করবেন









## ধাপ 1

- "Link Your Bank Account"-এ ক্লিক করুন যা Plaid এর জন্য একটি উইন্ডো খুলবে।
- Plaid-এ এগিয়ে যেতে থাকুন এবং আপনার ব্যাংকিং ইন্সটিটিউশন খুঁজে বের করুন।
- আপনার অনলাইন ব্যাংকিং অ্যাকাউন্টে সাইন ইন করুন এবং Lendistry-এর পোর্টালে সংযুক্ত করুন।




## ধাপ 2

আপনার ব্যবহার করা ভেরিফিকেশন পদ্ধতি যাই হোক না কেন এই ধাপটি অবশ্যই শেষ করতে হবে।

- আপনার ব্যাংকের তথ্য লিখুন।
- "ব্যবসায়িক অ্যাকাউন্টের নাম" ঘরটি আপনার অ্যাকাউন্টের ধরন নয়। এই ঘরটি আপনার অ্যাকাউন্টের নাম যেটি অবশ্যই আপনার ব্যবসায়ের নামে থাকবে এবং আপনার ব্যাংক স্টেটমেন্টে তালিকাভুক্ত থাকবে।
- আপনার ব্যবসা যদি একমাত্র মালিকানাধীন হয় তবে ব্যাংক অ্যাকাউন্টটি অবশ্যই একটি ব্যবসায়িক চেকিং অ্যাকাউন্ট থাকা উচিত এবং অবশ্যই আপনার নাম বা ডিবিএর সাথে মিলবে।

NEW YORK
STATE OF
OPPORTUNITY

Empire State
Development

Powered by
lendistry

আবেদন ও ভাষাগত সহায়তা 877-721-0097 বা www.nysmallbusinessrecovery.com-এ পাওয়া যাবে।